**বাংলাদেশ পর্যটন করপোরেশন**
প্রশাসন শাখা
পর্যটন ভবন, আগারগাঁও, ঢাকা - ১২০৭
www.parjatan.gov.bd

**বিষয়** : **জুন ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**
সভাপতি : একেএম আফতাব হোসেন প্রামানিক
চেয়ারম্যান (গ্রেড-১), বাপক
তারিখ : ০৬ জুন ২০২৪ খ্রিস্টাব্দ (২৩ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ)
সময় : সকাল ১০:৩০ ঘটিকা
স্থান : 'ঐকতান' সভাকক্ষ, পর্যটন ভবন
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। কোন সংশোধনী না থাকায় মে '২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মহাব্যবস্থাপক (প্রশাসন) সভার কার্যপত্র এবং গত ০৭ মে ২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

০৩। সভায় আলোচ্যসূচিভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | **প্রশাসনিক মন্ত্রণালয় সংশ্লিষ্ট বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর কার্যক্রমসমূহ** | | |
| ম. ১<br>বা. ১ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন | ক) ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, প্রশাসনিক মন্ত্রণালয়-এর সমন্বয় সভায় সিদ্ধান্ত রয়েছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)র লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর লক্ষ্যমাত্রা অর্জনে প্রশাসনিক মন্ত্রণালয়-এর সাথে সার্বক্ষণিক যোগাযোগপূর্বক বাস্তবায়ন ও সকল প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে মর্মে তিনি সভাকে অবহিত করেন;<br><br>গ) বাপক-এর ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর খসড়া ইতোমধ্যে প্রশাসনিক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে এবং APAMS ওয়েবসাইটে দাখিল করা হয়েছে। উক্ত APA চূড়ান্তকরণের লক্ষ্যে চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে গত ২৩-০৫-২০২৪ খ্রি. তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। | ক) বাপক-এর ২০২৩-২৪ অর্থবছরের APA-এর কার্যক্রমসমূহের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে;<br><br>খ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বাপক-এর ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) চূড়ান্ত করে প্রশাসনিক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করতে হবে। | প্রশাসন শাখা / সংশ্লিষ্ট কর্মকর্তা, (সকল শাখা) / APA টিম, বাপক |
| ম. ২<br>বা. ২ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন | ক) ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, প্রশাসনিক মন্ত্রণালয়-এর সমন্বয় সভায় সিদ্ধান্ত রয়েছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br><br>খ) বাপক-এর ২০২৩-২৪ অর্থবছরে NIS-এর কর্মপরিকল্পনার নির্ধারিত কার্যক্রমসমূহের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এছাড়া | ক) বাপক-এর ২০২৩-২৪ অর্থবছরের NIS-এর কার্যক্রমসমূহের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে;<br><br>খ) বাপক-এর ২০২৩-২৪ অর্থবছরের APA-এর সংযুক্তি NIS-এর অন্তর্ভুক্ত কার্যক্রম সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) | পেনশন, আইন, পরিকল্পনা, পূর্ত, বাণিজ্যিক, কেন্দ্রীয় স্টোর ও সাধারণ সেবা শাখা / প্রশাসন শাখা / বিউজস শাখা / সংশ্লিষ্ট |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | বাপক-এর ২০২৪-২৫ অর্থবছরের NIS-এর খসড়া ইতোমধ্যে প্রশাসনিক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে এবং www.nis.gov.bd ওয়েবসাইটে আপলোড করা হয়েছে;<br><br>গ) বাপক-এর ২০২৩-২৪ অর্থবছরের NIS-এর অন্তর্গত ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন '২৪) মেয়াদে 'সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা' জুন '২৪ মাসের মধ্যে চেয়ারম্যান মহোদয়ের সভাপতিতে আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। কর্তৃপক্ষ কর্তৃক সদয় দিনক্ষণ নির্ধারিত হলে বিউজস শাখা ঢাকা শহরের বাইরের কোন বাণিজ্যিক ইউনিটে প্রশাসনিক মন্ত্রণালয়-এর প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করে ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন '২৪) সভা ঢাকার বাইরে আয়োজন করতে পারে;<br><br>ঘ) বাপক-এর ২০২৩-২৪ অর্থবছরের 'শুদ্ধাচার পুরস্কার' প্রদানের নিমিত্ত গত ০৪-০৬-২০২৪ খ্রি. তারিখ বিদ্যমান কমিটি'র একটি সভা অনুষ্ঠিত হয়। সে অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | অংশগ্রহণে সভা আগামী ১২-০৬-২০২৪ খ্রি. তারিখের মধ্যে আয়োজন করতে হবে;<br><br>গ) চলতি জুন '২৪ মাসের মধ্যে বাপক-এর ২০২৩-২৪ অর্থবছরের 'শুদ্ধাচার পুরস্কার' প্রদানের বিষয়ে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ ও আনুষঙ্গিক সকল প্রয়োজনীয় কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। | কর্মকর্তা, (সকল শাখা) |
| ম. ৩<br>বা. ৩ | অভিযোগ প্রতিকার (GRS) কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ক) মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান, প্রশাসনিক মন্ত্রণালয়-এর সমন্বয় সভায় সিদ্ধান্ত রয়েছে যে, অভিযোগ প্রতিকার (GRS) বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>খ) বাণিজ্যিক ইউনিটে আগত অতিথিদের সর্বোত্তম সেবা নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন মাধ্যমে প্রাপ্ত অভিযোগসমূহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ যথাসময়ে নিষ্পত্তি করবেন এবং কর্তৃপক্ষকে অবহিত করবেন। অভিযোগ বাক্স, অনিক ও আপীল কর্মকর্তা'র তথ্যাদি প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ক) বাণিজ্যিক ইউনিটে আগত অতিথিদের সর্বোত্তম সেবা নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন মাধ্যমে প্রাপ্ত অভিযোগসমূহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ যথাসময়ে নিষ্পত্তি করবেন এবং কর্তৃপক্ষকে অবহিত করবেন। এছাড়া অভিযোগ বাক্স, অনিক ও আপীল কর্মকর্তা'র তথ্যাদি প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ) বাপক-এর ২০২৩-২৪ অর্থবছরে GRS-এর কার্যক্রমসমূহের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। | অনিক, বাপক / ব্যবস্থাপক (সংশ্লিষ্ট সকল) / সংশ্লিষ্ট কর্মকর্তা, (সকল শাখা) |
| ম. ৩<br>বা. ৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা (CC) বাস্তবায়ন | ক) মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান, প্রশাসনিক মন্ত্রণালয়-এর সমন্বয় সভায় সিদ্ধান্ত রয়েছে যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা (Citigens Charter) বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;<br><br>খ) বাপক-এর সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা (সিটিজেন্স চার্টার) হালনাগাদকরণ ও প্রশাসনিক মন্ত্রণালয়-এর নির্দেশনা মোতাবেক ওয়েবসাইটে আপলোড করা হয়েছে; | ক) বাপক-এর সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা (Citigens Charter) হালনাগাদকরণ ও প্রশাসনিক মন্ত্রণালয়-এর নির্দেশনা মোতাবেক ওয়েবসাইটে আপলোড করতে হবে;<br><br>খ) বাপক-এর ২০২৩-২৪ অর্থবছরের সিটিজেন্স চার্টার (CC)-এর কার্যক্রমসমূহের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। | আইসিটি শাখা / সংশ্লিষ্ট কর্মকর্তা, (সকল শাখা) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | গ) বাপক-এর ২০২৩-২৪ অর্থবছরে সিটিজেন্স চার্টার (CC)-এর কর্মপরিকল্পনার নির্ধারিত কার্যক্রমসমূহের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। | | |
| ম. ৩ বা. ৫ | তথ্য অধিকার কর্মপরিকল্পনা (RTI) বাস্তবায়ন | ক) মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান, প্রশাসনিক মন্ত্রণালয়-এর সমন্বয় সভায় সিদ্ধান্ত রয়েছে যে, তথ্য অধিকার কর্মপরিকল্পনা (RTI) বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>খ) তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী কার্যক্রম গ্রহণ এবং বাপক-এর ২০২৩-২৪ অর্থবছরের তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা'র কার্যক্রমসমূহের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী কার্যক্রম গ্রহণ এবং বাপক-এর ২০২৩-২৪ অর্থবছরের তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা'র কার্যক্রমসমূহের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। | তথ্য প্রদানকারী কর্মকর্তা / সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল শাখা) |
| ম. ৪ বা. ৬ | ডিজিটাল নথি ব্যবস্থাপনা | ক) মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান, প্রশাসনিক মন্ত্রণালয়-এর সমন্বয় সভায় সিদ্ধান্ত রয়েছে যে, ডিজিটাল পদ্ধতিতে সকল নথি নিষ্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে।<br><br>খ) আইসিটি শাখা থেকে প্রাপ্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অনুযায়ী এপ্রিল '২৪ মাসের ডি-নথি সিস্টেম ব্যবহারের তথ্য বিবরণী নিম্নরূপ:<br><br>১) ডি-নথিতে মোট নিষ্পত্তিকৃত নোট: ৩১৬টি<br>২) হার্ড ফাইলে মোট নিষ্পত্তিকৃত নোট: ১৯টি<br><br>নিষ্পত্তির হার: **৯৪.৩৩%** (প্রায়)। | ডি-নথি সিস্টেমে নথি নিষ্পত্তির এ ধারা অব্যাহত রাখতে হবে। একইসাথে এ কার্যক্রমে সকল শাখা ও সংশ্লিষ্ট ইউনিটসমূহের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করবে। | আইসিটি শাখা / সকল শাখার সকল কর্মকর্তা / কর্মচারীগণ |
| ম. ৫ বা. ৭ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং তথ্য-বাতায়ন হালনাগাদ | ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বাপক-এর ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-এর ০৭টি কার্যক্রমের বিপরীতে মোট ০৮টি কর্মসম্পাদন সূচক রয়েছে। ০৮টি সূচকের মধ্যে ০২টি সূচক (৩.১১ ও ৫.১.২) প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নযোগ্য। এছাড়া ২.১.১, ৪.১.১, ৫.১.১ ও ৬.১.২ সূচকসমূহ যথাসময়ে বাস্তবায়ন করা হয়েছে। ৬.১.১ সূচক অনুযায়ী মোট ০৩টি কর্মশালা আয়োজন করা হয়েছে। অবশিষ্ট ০১টি কর্মশালা আয়োজন করতে হবে। এছাড়া ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন উপযুক্ত প্রমাণকসহ প্রতিবেদন যথাসময়ে অনলাইন সফটওয়্যারে দাখিলের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন;<br><br>খ) বাপক-এর ইনোভেশন কমিটি পৃথক সভা আয়োজন করবে মর্মে সভায় আলোচনা হয়;<br><br>গ) আইসিটি শাখা কর্তৃক নিয়মিতভাবে বাপক-এর তথ্য-বাতায়নের সকল তথ্যাদি হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ক) বাপক-এর ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা'র কার্যক্রমসমূহের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। আগামী ২৫-০৬-২০২৪ খ্রি. তারিখের মধ্যে ৬.১.১ সূচক অনুযায়ী অবশিষ্ট ০১টি কর্মশালা আয়োজন করতে হবে;<br><br>খ) পরিচালক (বাণিজ্যিক) এবং পরিচালক (পরিকল্পনা) ও বাপক-এর ইনোভেশন কমিটির আহ্বায়ক একটি সভা আয়োজন করবেন এবং ইনোভেশন কার্যক্রম তদারকি করবেন;<br><br>গ) আইসিটি শাখা নিয়মিতভাবে তথ্য-বাতায়নসমূহ হালনাগাদ করবে। একইসাথে সংস্থার আইন শাখা ও পেনশন শাখার সাথে সমন্বয়পূর্বক কেস ম্যানেজমেন্ট সিস্টেম ও পেনশন | ব্যবস্থাপক (আইসিটি) / ব্যবস্থাপক, পিটিএস শাখা ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন কমিটি |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | | ম্যানেজমেন্ট-এর তথ্যাদি হালনাগাদের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | |
| ম. ৭<br>বা. ৮ | বাপক-এর জনবল কাঠামোর 'শূন্য' পদ পূরণ | মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান, প্রশাসনিক মন্ত্রণালয়-এর সমন্বয় সভায় সিদ্ধান্ত রয়েছে যে,<br>(ক) মন্ত্রণালয় ও অধীন সংস্থাসমূহে দ্রুততার সাথে শূন্যপদ পূরণ করতে হবে।<br><br>খ) বাপক-এর ৩৫ (পঁয়ত্রিশ)টি 'শূন্য' পদে জনবল নিয়োগের লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের প্রেক্ষিতে ১৮,৪৬৬টি আবেদন পাওয়া গেছে। সভাপতি আগামী জুলাই '২৪ মাসে লিখিত পরীক্ষা গ্রহণ ও সেপ্টেম্বর '২৪ মাসের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্নের নির্দেশনা প্রদান করেন। | দ্রুততম সময়ের মধ্যে বাপক-এর ৩৫টি 'শূন্য' পদ পূরণের কার্যক্রম সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ম. ৮<br>বা. ৯ | বাপক-এর নতুন অর্গানোগ্রাম প্রণয়ন | মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান, প্রশাসনিক মন্ত্রণালয়-এর সমন্বয় সভায় সিদ্ধান্ত রয়েছে যে,<br>(ক) বাপক-এর অর্গানোগ্রাম চূড়ান্তকরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>খ) বাপক-এর জন্য অস্থায়ীভাবে পদ সৃজন ও বিলুপ্তিকরণ প্রসঙ্গে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে বিদ্যমান ৩৬টি পদ বিলুপ্তি এবং প্রধান কার্যালয়ের জন্য ০৩টি ও বাণিজ্যিক ইউনিটসমূহের জন্য ৩৪টি সহ মোট ৩৭টি পদ সৃজনের শর্তসাপেক্ষে সম্মতি পাওয়া গেছে। অনুমোদিত পদসমূহের বেতন স্কেল অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক যাচাই, যে সকল পদ প্রবিধানমালায় অর্ন্তভুক্ত নেই সে সকল পদ প্রবিধানমালায় অর্ন্তভুক্ত এবং বিদ্যমান টিওএন্ডই-তে নতুন সৃজিত পদ স্থায়ী/অস্থায়ী হিসেবে চিহ্নিত পূর্বক অর্ন্তভুক্ত করে টিওএন্ডই হালনাগাদ পূর্বক এর কপি অর্থ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে। বাপক হতে এ বিষয়ে চাহিত তথ্য প্রশাসনিক মন্ত্রণালয়-এর মাধ্যমে অর্থ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে। | বাপক-এর নতুন অর্গানোগ্রাম বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়-এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও সমন্বয় সাধন করতে হবে। পরবর্তী সভার পূর্বে অর্থ মন্ত্রণালয় হতে সম্মতিপত্র প্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে জোর প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে, এবং দ্রুততম সময়ের মধ্যে অর্গানোগ্রাম চূড়ান্ত করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ম. ৯<br>বা. ১০ | আদালতে দায়েরকৃত মামলা | মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান, প্রশাসনিক মন্ত্রণালয়-এর সমন্বয় সভায় সিদ্ধান্ত রয়েছে যে,<br>(ক) আদালতে দায়েরকৃত মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>(খ) সকল সংস্থা প্রধানকে প্যানেল আইনজীবীদের সাথে নিয়মিত সভা করে মামলা দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br><br>i) ব্যবস্থাপক, আইন শাখা জানান যে, বাপক কর্তৃক দায়েরকৃত মামলা এবং অন্যদের দ্বারা দায়েরকৃত মামলার সংক্ষিপ্ত বিবরণী ও হালনাগাদ তথ্য প্রস্তুত করা আছে। এছাড়া ছক আকারে সকল মামলার একটি চিত্র প্রস্তুত করা হয়েছে: | i) মামলা নিষ্পত্তির হার বৃদ্ধিসহ বাপক কর্তৃক দায়েরকৃত মামলা এবং অন্যদের দ্বারা দায়েরকৃত মামলার হিসাব আলাদা করে সকল তথ্যাদি হালনাগাদ ও 'ছক'বদ্ধ আকারে প্রণয়ন করতে হবে। একইসাথে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। পাশাপাশি একতরফাভাবে যাতে কোন মামলার রায় না হয় সেটা খেয়াল রাখতে হবে। প্রত্যেক মামলার শুনানীতে বাপক-এর প্রতিনিধিকে আদালতে উপস্থিতি নিশ্চিত করতে হবে; | ব্যবস্থাপক, আইন শাখা |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><td>গত মাসের (এপ্রিল '২৪) জের</td><td>৬৬টি</td></tr>
<tr><td>বর্তমান মাসে (মে '২৪) দায়ের</td><td>০</td></tr>
<tr><td>মোট মামলার সংখ্যা</td><td>৬৬টি</td></tr>
<tr><td>বর্তমান মাস (মে '২৪) নিষ্পত্তি</td><td>০১টি</td></tr>
<tr><td>পুনঃশুনানীর জন্য ধার্য</td><td>০</td></tr>
<tr><td>বর্তমান মাসে (মে '২৪) অনিষ্পন্ন মামলার সংখ্যা</td><td>৬৫টি</td></tr>
<tr><td>শুনানীর জন্য ধার্য</td><td>২৫টি</td></tr>
<tr><td>পক্ষে রায়</td><td>১টি</td></tr>
<tr><td>বিপক্ষে রায়</td><td>০০টি</td></tr>
<tr><td>আপীল করা হয়েছে কিনা</td><td>না</td></tr>
</table>
পক্ষে / বিপক্ষে
<table>
<tr><td>বাপক কর্তৃক দায়েরকৃত মামলা</td><td>২৩</td></tr>
<tr><td>বাপক-এর বিরুদ্ধে দায়েরকৃত মামলা</td><td>৪২</td></tr>
<tr><td>মোট</td><td>৬৫</td></tr>
</table>
মামলার ধরন
<table>
<tr><td>রিট মামলা</td><td>২৫টি</td></tr>
<tr><td>কনটেম্পট মামলা</td><td>৩টি</td></tr>
<tr><td>ফার্স্ট আপীল মামলা</td><td>৩টি</td></tr>
<tr><td>কাস্টমস আপীল মামলা</td><td>৩টি</td></tr>
<tr><td>লেবার আপীল মামলা</td><td>১টি</td></tr>
<tr><td>সিভিল পিটিশন ফর লিভ টু আপীল মামলা / সিপি</td><td>৪টি</td></tr>
<tr><td>সার্টিফিকেট মামলা</td><td>৪টি</td></tr>
<tr><td>নিম্ন আদালতের মামলা (ঢাকা এবং ঢাকার বাইরে)</td><td>২২টি</td></tr>
<tr><td>মোট মামলা</td><td>৬৫টি</td></tr>
</table>
ii) কোন মামলার রায় (পক্ষে/বিপক্ষে) বিজ্ঞ আদালত কর্তৃক ঘোষণা করা হলে নথি মারফত কর্তৃপক্ষকে সদয় অবহিত করা হয়। এছাড়া আপিল দায়েরের প্রয়োজন হলে আপিলের কার্যক্রম গ্রহণ করা হয়;<br><br>
iii) ব্যবস্থাপক, আইন শাখা সভাকে অবহিত করেন, সিলেট শিশুপার্ক এর বকেয়া প্রিমিয়াম আদায় সংক্রান্ত মানি মোকদ্দমার আরজি প্রস্তুতের জন্য ছায়ানথি সংস্থার প্যানেল আইনজীবী-এর নিকট প্রেরণ করা হয়েছে। সভাপতি দ্রুত আরজি প্রস্তুত করে জুন '২৪ মাসের মধ্যে মামলা রুজু করতে নির্দেশনা প্রদান করেন;<br><br>
iv) বিভাগীয় মামলা স্থগিত সংক্রান্ত রিট মামলা নং: ১১২১৫/২০১৯ সংস্থার প্রয়াত আইন উপদেষ্টা পরিচালনা করতেন। তিনি গত ২৬-১২-২০২৩ খ্রি. তারিখ মৃত্যুবরণ করায় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্যানেল আইনজীবী এডভোকেট মনসুরুল হাই-কে মামলাটি সম্প্রতি হস্তান্তর করা হয়েছে এবং প্রয়োজনীয় আইনগত কার্যক্রমের জন্য তাঁকে অনুরোধ জানানো হয়েছে।
</td><td>ii) প্রতি মাসে কোন মামলার রায় (পক্ষে/বিপক্ষে) কর্তৃপক্ষ বরাবর প্রতিবেদন আকারে দাখিল করতে হবে। এছাড়া মামলা দ্রুত নিষ্পত্তির জন্য আইনজীবীদের সাথে নিয়মিত সভা আয়োজন করতে হবে;<br><br>
iii) সিলেট শিশুপার্ক এর বকেয়া প্রিমিয়াম আদায় সংক্রান্ত মানি মোকদ্দমার আরজি প্রস্তুত করে জুন '২৪ মাসের মধ্যে মামলা রুজু করতে হবে;<br><br>
iv) মহামান্য হাইকোর্ট কর্তৃক স্থগিতকৃত বাপক-এর বিভাগীয় মামলাটি নিষ্পত্তির লক্ষ্যে আইন শাখা থেকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।</td><td></td></tr>
<tr><td>ম. ১০<br>বা. ১১</td><td>বিভাগীয় মামলা</td><td>মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান, প্রশাসনিক মন্ত্রণালয়-এর সমন্বয় সভায় সিদ্ধান্ত রয়েছে যে,<br>(ক) সংশ্লিষ্ট আইন ও বিধি অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে বিভাগীয় মামলা নিষ্পত্তি করতে হবে।</td><td>সংশ্লিষ্ট আইন ও বিধি অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে অনিষ্পন্ন বিভাগীয় মামলা নিষ্পন্ন করতে হবে।</td><td>ব্যবস্থাপক (প্রশাসন)</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>খ) মে '২৪ মাসে বাপক-এর বিভাগীয় মামলাসমূহের তথ্য নিম্নরূপ:
<table>
<tr><th>মামলার বিবরণ</th><th>সংখ্যা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>গত মাসের (এপ্রিল' ২৪) জের</td><td>০১টি</td><td></td></tr>
<tr><td>বর্তমান মাসে (মে' ২৪) দায়ের</td><td>০</td><td></td></tr>
<tr><td>মোট মামলার সংখ্যা</td><td>০১টি</td><td></td></tr>
<tr><td>বর্তমান মাসে (মে '২৪) নিষ্পত্তি</td><td>০</td><td></td></tr>
<tr><td>অনিষ্পন্ন মামলার সংখ্যা</td><td>০১টি</td><td></td></tr>
<tr><td>১ বছরের উর্ধ্বে</td><td>০১টি</td><td>মামলাটিতে মহামান্য হাইকোর্ট বিভাগ হতে স্থগিতাদেশ দেয়া হয়েছে।</td></tr>
<tr><td>৬ মাসের উর্ধ্বে</td><td>০</td><td></td></tr>
<tr><td>৩ মাসের উর্ধ্বে</td><td>০</td><td></td></tr>
<tr><td>৩ মাসের মধ্যে</td><td>০</td><td></td></tr>
</table>
</td><td></td><td></td></tr>
<tr><td>ম. ১১<br>বা. ১২</td><td>অডিট আপত্তি নিষ্পত্তি</td><td>মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান, প্রশাসনিক মন্ত্রণালয়-এর সমন্বয় সভায় সিদ্ধান্ত রয়েছে যে,<br>(ক) স্বল্পতম সময়ের মধ্যে বাণিজ্যিক অডিট অধিদপ্তরের মহাপরিচালকের সাথে এ মন্ত্রণালয়ের সংস্থা প্রধানগণের সমন্বয়ে সভা আয়োজন করতে হবে;<br>(খ) অডিট আপত্তির সংখ্যা বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থা প্রধানকে জবাবদিহি করতে হবে।<br><br>i) বাপক-এর অমীমাংসিত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে পুনঃজবাব প্রদানের কাজ চলমান রয়েছে। মে ২০২৪ মাসে বাপক-এর অডিট আপত্তির তথ্য নিম্নরূপ:
<table>
<tr><td>গত মাসের (এপ্রিল '২৪) জের</td><td>৩৫৯টি</td></tr>
<tr><td>মে '২৪ মাসে প্রাপ্ত নতুন আপত্তির সংখ্যা</td><td>০</td></tr>
<tr><td>মে '২৪ মাসে নিষ্পত্তিকৃত সাধারণ আপত্তির সংখ্যা</td><td>০</td></tr>
<tr><td>মে '২৪ মাসে অনিষ্পন্ন নিরীক্ষা আপত্তির সংখ্যা</td><td>৩৫৯টি</td></tr>
<tr><td>মোট জবাব প্রেরণ</td><td>৩৫৯টি</td></tr>
<tr><td>মে '২৪ মাসে অনুষ্ঠিত দ্বি-পক্ষীয় নিরীক্ষা সভার সংখ্যা</td><td>০</td></tr>
<tr><td>মে '২৪ মাসে অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় নিরীক্ষা সভার সংখ্যা</td><td>০</td></tr>
</table>
ইতোমধ্যে ৫৮তম ত্রি-পক্ষীয় সভার অনিষ্পন্ন ১৪টি অগ্রিম আপত্তির জবাব পুনরায় প্রস্তুত করে মন্ত্রণালয়ের মাধ্যমে বাণিজ্যিক অডিট অধিদপ্তর, সেক্টর-৭, রাজশাহী বরাবর প্রেরণের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ৩৫৯টি আপত্তির প্রত্যেকটির জবাব পর্যায়ক্রমে বিভিন্ন সময়ে বাণিজ্যিক অডিট অধিদপ্তর বরাবর প্রেরণ করা হয়েছে। এছাড়া আভ্যন্তরীণ নিরীক্ষার কাজ চলমান রয়েছে।<br><br>ii) ডিজিটালাইজেশনের পরিসংখ্যান নিম্নরূপ:
<table>
<tr><th>কমিটি</th><th>আপত্তির সংখ্যা</th><th>আপলোড</th><th>অবশিষ্ট</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>৭২টি</td><td>৬৭টি</td><td>০৫টি</td><td rowspan="4"></td></tr>
<tr><td>০২</td><td>৭৩টি</td><td>৬৮টি</td><td>০৫টি</td></tr>
<tr><td>০৩</td><td>১৩৩টি</td><td>১৩১টি</td><td>০২টি</td></tr>
<tr><td>মোট</td><td>২৭৮টি</td><td>২৬৬টি</td><td>১২টি</td></tr>
</table>
iii) ইতোমধ্যে ৬০তম ত্রি-পক্ষীয় অডিট সভা আয়োজনের জন্য ব্রডশীট জবাব ও প্রমাণক সংগ্রহের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার আয়োজন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন;</td><td>i) নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে যে সকল আপত্তির পুনঃজবাব প্রেরণ করতে হবে সেগুলো জুন '২৪ মাস-এর মধ্যে প্রস্তুতপূর্বক প্রেরণ করতে হবে। একইসাথে নিয়মিতভাবে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজন করতে হবে;<br><br>ii) এছাড়া নিরীক্ষা আপত্তির পুনঃজবাব প্রেরণ সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুতপূর্বক প্রতিমাসে হালনাগাদ তথ্যাদি কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে;<br><br>iii) নিরীক্ষা আপত্তিসমূহের ডিজিটালাইজেশনের জন্য গঠিত কমিটিকে নির্ধারিত আপত্তিসমূহ ছক আকারে প্রস্তুত করে ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে;<br><br>iv) অগ্রাধিকারভিত্তিতে ও দ্রুততার সাথে অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতি মাসে ন্যূনতম একটি সভা আয়োজনের মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে। একইসাথে ৩৫৯টি অডিট</td><td>ব্যবস্থাপক (নিরীক্ষা)</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>iv) অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য বাণিজ্যিক অডিট অধিদপ্তরের মহাপরিচালক বরাবর পত্র প্রেরণের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।</td><td>আপত্তির বিভাজনসহ কর্তৃপক্ষ বরাবর প্রতিবেদন দাখিল করতে হবে;<br><br>v) অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য বাণিজ্যিক অডিট অধিদপ্তরের মহাপরিচালক বরাবর পত্র প্রেরণ করতে হবে।</td><td></td></tr>
<tr><td>ম. ১২<br>বা. ১৩</td><td>প্রশিক্ষণ</td><td>মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান, প্রশাসনিক মন্ত্রণালয়-এর সমন্বয় সভায় সিদ্ধান্ত রয়েছে যে,<br>(ক) প্রশিক্ষণ বর্ষপঞ্জি অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে;<br>(খ) প্রশিক্ষণের বিষয়ের সাথে সংশ্লিষ্ট রিসোর্স পার্সনের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br><br>i) অভ্যন্তরীণ বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে মর্মে ব্যবস্থাপক (প্রশিক্ষণ) শাখা সভাকে অবহিত করেন যে, প্রশিক্ষণের সাথে সংশ্লিষ্ট রিসোর্স পারসন এবং যোগ্য প্রশিক্ষকের মাধ্যমে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর জন্য ৬০ (ষাট) জনঘণ্টা ইন-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে;<br><br>ii) ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ও APA সংশ্লিষ্ট অন্যান্য কর্মপরিকল্পনা বিষয়ক প্রশিক্ষণ নিয়মিতভাবে আয়োজনের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।</td><td>i) প্রশিক্ষণ বর্ষপঞ্জি অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে। প্রশিক্ষণের বিষয়ের সাথে সংশ্লিষ্ট বিশেষজ্ঞ / রিসোর্স পারসন এবং যোগ্য প্রশিক্ষকের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করতে হবে;<br><br>ii) APA-এর শর্ত অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থবছরে প্রশিক্ষণ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদনে কোন বিষয়ে, কত জন, কত ঘণ্টা প্রশিক্ষণ দেওয়া হয়েছে সে বিষয়ে একটি সংক্ষিপ্ত সার প্রস্তুত করে চেয়ারম্যান মহোদয় বরাবর দাখিল করতে হবে।</td><td>মহাব্যবস্থাপক (পিটিএস) / ব্যবস্থাপক (প্রশিক্ষণ)</td></tr>
<tr><td>ম. ১৩<br>বা. ১৪</td><td>অনিষ্পন্ন তালিকা</td><td>মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান, প্রশাসনিক মন্ত্রণালয়-এর সমন্বয় সভায় সিদ্ধান্ত রয়েছে যে,<br>(ক) সমন্বয় সভার ০৩ (তিন) দিন পূর্বে অনিষ্পন্ন বিষয়াদির তালিকা অতিরিক্ত সচিব (প্রশাসন) বরাবর প্রেরণ করতে হবে এবং অনিষ্পন্ন বিষয়াদি দ্রুত নিষ্পন্ন করতে হবে;<br>(খ) হোটেল-মোটেল অটোমেশনের জন্য বাপক-কে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>মন্ত্রণালয় পর্যায়ে অনিষ্পন্ন এবং বাপক পর্যায়ে অনিষ্পন্ন বিষয়াদির তালিকা নিম্নরূপ:<br><br>মন্ত্রণালয় পর্যায়ে অনিষ্পন্ন/পেন্ডিং তালিকা
<table>
<tr><th>ক্রমিক</th><th>পত্রের বিষয়</th><th>পত্র প্রেরণের তারিখ</th><th>কোথায় অনিষ্পন্ন (pending)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>(১)</td><td>(২)</td><td>(৩)</td><td>(৪)</td><td>(৫)</td></tr>
<tr><td>১</td><td>প্রধানমন্ত্রীর কার্যালয়ের Innovation Team এর ৩১তম সভার ১,২ নং সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।<br>নং - ০০.০৩২.০৩০.৮০.০৩.০২৮.২০১৩/৫১৫<br>তারিখ: ৩১/১০/২০১৭</td><td>৩১-১০-২০১৭</td><td>প্রশাসনিক মন্ত্রণালয়</td><td></td></tr>
<tr><td>২</td><td>বাপক-এর অনুকূলে দীর্ঘমেয়াদী বন্দোবস্ত প্রাপ্ত ভূমির লীজ দলিল</td><td>৩১-০৩-২০২১</td><td>প্রশাসনিক মন্ত্রণালয়</td><td></td></tr>
</table></td><td>i) প্রতি মাসে প্রত্যেক শাখা বা ইউনিট থেকে সমন্বয় সভার ০৩ (তিন) দিন পূর্বে অগ্রগতি প্রতিবেদনসহ অনিষ্পন্ন বিষয়াদির তালিকা ছক মোতাবেক সংশ্লিষ্ট শাখার মহাব্যবস্থাপক-এর স্বাক্ষরসহ প্রশাসন শাখা বরাবর প্রেরণ করতে হবে;<br><br>ii) মন্ত্রণালয় পর্যায়ে অনিষ্পন্ন এবং বাপক পর্যায়ে অনিষ্পন্ন বিষয়াদির তালিকা মোতাবেক বাস্তবায়ন অগ্রগতি কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে:<br><br>iii) প্রশাসনিক মন্ত্রণালয় থেকে তাগিদ পত্র আসার পূর্বেই সংস্থা থেকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। মন্ত্রণালয়-এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যহত রাখতে হবে।</td><td>ব্যবস্থাপক (সকল)</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><td></td><td>সম্পাদনের লক্ষ্যে বন্দোবস্ত সময়কালে নির্ধারিত সেলামী পরিশোধের প্রস্তাব<br>নং-<br>৩০.০৩২.০৮১.৪০.৪৪.০১১.১৯৯৫/৩৪/৪১৭<br>তারিখ: ৩১/০৩/২০২১</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>৩</td><td>বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর রেকর্ডীয় কক্সবাজারস্থ হোটেল শৈবালের জমি অবৈধ দখল সংক্রান্ত<br>নং-<br>৩০.০৩২.০৭৯.৪.৪৪.০০৯.১৯৮৫/পার্ট-২/৩৩/৪১৬, তারিখ: ৩১/০৩/২০২১</td><td>৩১-০৩-২০২১</td><td>প্রশাসনিক ম ন্ত্রণালয়</td><td></td></tr>
<tr><td>৪</td><td>বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর রেকর্ডীয় কক্সবাজারস্থ হোটেল শৈবালের অবৈধ দখলে থাকা জমি সংক্রান্ত<br>নং-<br>৩০.৩২.০০০০.০৪৪.৩১.০০১.১৮.২০<br>তারিখ: ১০/০৫/২০২১</td><td>১০-০৫-২০২১</td><td>প্রশাসনিক মন্ত্রণালয়</td><td></td></tr>
<tr><td>৫</td><td>বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর রেকর্ডীয় কক্সবাজারস্থ হোটেল শৈবালের জমি জেলা পুলিশ (বর্তমানে ট্যুরিস্ট পুলিশ দপ্তর)-এর দখলে থাকা অবৈধ স্থাপনা সংক্রান্ত<br>নং-<br>৩০.৩২.০০০০.০৪৪.৩১.০০১.১৮.৪৯/২৫৪/৭৮৬<br>তারিখ: ২৬/০৮/২০২২</td><td>২৬-০৮-২০২২</td><td>প্রশাসনিক মন্ত্রণালয়</td><td></td></tr>
<tr><td>৬</td><td>কক্সবাজার আন্তর্জাতিক বিমানবন্দরে শুল্কমুক্ত বিপণী পরিচালনার জন্য বাংলাদেশ পর্যটন করপোরেশনের অনুকূলে জায়গা বরাদ্দকরণ।<br>নং-<br>৩০.৩২.০০০০.০৮২.১৮.০০২.২৩.১৩<br>তারিখ: ১৮/০৯/২০২৩</td><td>১৮-০৯-২০২৩</td><td>প্রশাসনিক মন্ত্রণালয়</td><td></td></tr>
<tr><td>৭</td><td>বাংলাদেশ পর্যটন করপোরেশন চাকরি প্রবিধানমালা প্রণয়ন এবং তফসিল প্রেরণ প্রসঙ্গে।<br>নং -<br>০০.৩২.০২২.২০.০১.০০৪.২০১৪(১)/<br>৫০(ক), তারিখ: ১৫/০১/২০২৪</td><td>১৫-০১-২০২৪</td><td>প্রশাসনিক মন্ত্রণালয়</td><td></td></tr>
<tr><td>৮</td><td>বাংলাদেশ পর্যটন করপোরেশন (বাপক)-এর কক্সবাজারস্থ লাবনী পয়েন্টে হোটেল শৈবালের নিজস্ব জমিতে কক্সবাজার জেলা পুলিশ কর্তৃক নির্মিত অবৈধ স্থাপনা অপসারণ প্রসঙ্গে।<br>নং-<br>৩০.০৩২.০৭৯.৪০.৪৪.০০৯.১৯৮৫/পার্ট-২/২১<br>তারিখ: ২৯/০৪/২০২৪</td><td>২৯-০২-২০২৪</td><td>প্রশাসনিক মন্ত্রণালয়</td><td></td></tr>
<tr><td>৯</td><td>Bangladesh Parjatan Corporation (Amendment) Act, 2022-এর ৭ ধারা অনুযায়ী পরিচালনা বোর্ড গঠন</td><td>১৯-০৩-২০২৪</td><td>প্রশাসনিক মন্ত্রণালয়</td><td></td></tr>
<tr><td>১০</td><td>কক্সবাজারস্থ বাপক এর মালিকানাধীন মোটেল লাবনীর মূল ভবন পরিত্যক্ত/অকেজো/কনডেম ঘোষণার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ সংক্রান্ত।<br>নং -<br>৩০.০৩২.০৩৬.৫২.২৮.২৭৪.২০১৭/৫৮<br>তারিখ: ০৪/০৪/২০২৪</td><td>০৪-০৪-২০২৪</td><td>প্রশাসনিক মন্ত্রণালয়</td><td></td></tr>
<tr><td>১১</td><td>"চট্টগ্রামস্থ আনোয়ারা উপজেলাধীন পারকিতে পর্যটন সুবিধাদি প্রবর্তন" শীর্ষক প্রকল্পে সুপেয় পানি সরবরাহ নিশ্চিতকরণের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম ওয়াসা, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং জেলা প্রশাসন প্রতিনিধিসহ সভা আহবান প্রসঙ্গে।<br>নং-<br>৩০.৩২.০০০০.০৬০.১৪.০০৯.২০১৯/৯৪/৩৩০<br>তারিখ: ২২/০৪/২০২৪</td><td>২২-০৪-২০২৪</td><td>প্রশাসনিক মন্ত্রণালয়</td><td></td></tr>
<tr><td>১২</td><td>বাংলাদেশ পর্যটন করপোরেশন (বাপক) এর হোটেল/মোটেল/রেস্তোরা হতে মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থায় খাবার সরবরাহ নেওয়া সংক্রান্ত পরিপত্র জারি প্রসঙ্গে।</td><td>২৩-০৪-২০২৪</td><td>প্রশাসনিক মন্ত্রণালয়</td><td></td></tr>
</table>
</td><td></td><td></td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><td></td><td>নং -<br>৩০.৩২.০০০০.০৫২.৯৯.০০১.১৮ (১)/৭০/৩৩৫<br>তারিখ: ২৩/০৪/২০২৪</td><td></td><td></td><td></td></tr>
</table>
<u>বাপক পর্যায়ে অনিষ্পন্ন/পেন্ডিং তালিকা</u>
<table>
<tr><th>ক্রমিক</th><th>পত্রের বিষয়</th><th>পত্র প্রেরণের তারিখ</th><th>কোথায় অনিষ্পন্ন (pending)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>(১)</td><td>(২)</td><td>(৩)</td><td>(৪)</td><td></td></tr>
<tr><td>১</td><td>"মন্ত্রণালয় ও বিভাগসমূহের আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে অডিট-আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ এবং অধিক সংখ্যক ত্রিপক্ষীয় সভার আয়োজন করে অডিট আপত্তিসমূহের দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে"।</td><td>২৮-০২-২০২৪</td><td>বাংলাদেশ পর্যটন করপোরেশন</td><td>অগ্রাধিকার ভিত্তিতে কার্যক্রম চলমান রয়েছে</td></tr>
<tr><td>২</td><td>বাংলাদেশ পর্যটন করপোরেশন (বাপক)-এর জন্য অস্থায়ীভাবে পদ সৃজন এবং পদ বিলুপ্তকরণ।<br>নং-<br>৩০.০০.০০০০.০১৫.১১.০০৪.১৯-৫২<br>তারিখ: ১৭/০৪/২০২৪</td><td>১৭/০৪/২০২৪</td><td>বাংলাদেশ পর্যটন করপোরেশন</td><td>বাপক হতে এ বিষয়ে চাহিত তথ্য প্রশাসনিক মন্ত্রণালয়-এর মাধ্যমে অর্থ মন্ত্রণালয় বরাবর গত ২৭-০৫-২০২৪ খ্রি. তারিখে প্রেরণ করা হয়েছে।</td></tr>
</table>
প্রতি মাসে প্রত্যেক ইউনিট বা শাখা থেকে সমন্বয় সভার ০৩ (তিন) দিন পূর্বেই অগ্রগতি প্রতিবেদনসহ অনিষ্পন্ন বিষয়াদির তালিকা ও অগ্রগতি প্রেরণের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।
</td><td></td><td></td></tr>
<tr><td colspan="5">বাপক-এর সংশ্লিষ্ট কার্যক্রম (প্রশাসনিক মন্ত্রণালয়-এর আলোচ্যসূচিভুক্ত)</td></tr>
<tr><td>ম. ২৪<br>বা. ১৫</td><td>বাপক-এর প্যাকেজ ট্যুর</td><td>মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান, প্রশাসনিক মন্ত্রণালয়-এর সমন্বয় সভায় সিদ্ধান্ত রয়েছে যে,<br>(ক) প্যাকেজ ট্যুরের কার্যক্রম লাভজনকভাবে অব্যাহত রাখতে হবে;<br>(খ) পর্যটন আকর্ষণ স্থানসমূহে প্যাকেজ ট্যুরের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে;<br>(গ) মেসার্স অক্টাগন নামক প্রতিষ্ঠানের নিকট হতে বকেয়া আদায়ের কার্যক্রম অব্যাহত রাখতে হবে;<br>(ঘ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সাথে দ্বিপাক্ষিক বিষয়সমূহ নিয়ে MoU সম্পাদনের বিষয়ে একটি সভা আয়োজন করতে হবে।<br><br>i) ব্যবস্থাপক (ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট) জানান যে, মে '২৪ মাসে বাপক-এর ০৪ (চার)টি মিনিবাস ও ০৪ (চার)টি মাইক্রোবাসের মাধ্যমে মোট ১৭ (সতের)টি ট্যুর পরিচালিত হয়েছে। তন্মধ্যে কক্সবাজারস্থ মাইক্রোবাসের মাধ্যমে ০৯ (নয়)টি প্যাকেজ ট্যুর পরিচালিত হয়েছে। এতে পর্যটক সংখ্যা ছিল প্রায় ২১০ (দুইশত দশ) জন। প্যাকেজ ট্যুরের কার্যক্রম প্রতিমাসে মন্ত্রণালয়ে প্রতিবেদন আকারে প্রেরণ করা হয়;</td><td>i) প্যাকেজ ট্যুরের কার্যক্রম লাভজনকভাবে অব্যাহত রাখাসহ প্রতি মাসে প্রশাসনিক মন্ত্রণালয়-এ প্রতিবেদন প্রেরণ করতে হবে;</td><td>ব্যবস্থাপক (ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট)</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>ii) পর্যটন আকর্ষণীয় স্থানসমূহে লাভজনকভাবে প্যাকেজ ট্যুর পরিচালনার লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয় থেকে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে ঢাকাস্থ পর্যটন আকর্ষনীয় স্থান ও প্রত্নতাত্ত্বিক স্থাপনাসমূহে প্যাকেজ ট্যুর পরিচালনার লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার সমন্বয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে একাধিক সভা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুসারে বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার প্রতিনিধিগণের সমন্বয়ে ০১টি মনিটরিং কমিটি ও ০১টি বাস্তবায়ন কমিটি গঠন করা হয়। সর্বশেষ ১৯-০৪-২০২৪ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পর্যটন) ও মনিটরিং কমিটির আহবায়ক জনাব ফাতেমা রহিম ভীনা এর নেতৃত্বে একটি "ট্রায়াল ট্যুর" পরিচালিত হয়। প্রশাসনিক মন্ত্রণালয়ের সিদ্ধান্ত পাওয়া গেলে বাস্তবায়ন কমিটি কর্তৃক ঢাকা সিটি ট্যুর পরিচালনার পদক্ষেপ গ্রহণ করা হবে;</td><td>ii) পর্যটন আকর্ষণ স্থানসমূহে প্যাকেজ ট্যুরের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয়-এর মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের সাথে যোগাযোগ করতে হবে। বাপক-এর প্যাকেজ ট্যুরের কার্যক্রম সম্পর্কিত প্রচার প্রচারণা বছর ব্যাপী অব্যহত রাখতে হবে। পাশাপাশি প্রশাসনিক মন্ত্রণালয়াধীন সংস্থা হিল ও বিএসএল কর্তৃপক্ষ বরাবর বাপক-এর ট্যুরিস্ট কোচ সমূহ ব্যবহারের প্রস্তাবনা পত্র প্রেরণ করতে হবে;</td><td></td></tr>
<tr><td></td><td></td><td>iii) মেসার্স অক্টাগন নামক প্রতিষ্ঠানের নিকট বাপক-এর পাওনা ৪২,৬৮,২৪৭/- (বিয়াল্লিশ লক্ষ আটষট্টি হাজার দুইশত সাতচল্লিশ মাত্র) টাকা আদায়ের জন্য বাপক-এর দায়েরকৃত মামলা নং: ৪৫৭, বিপিসি ২০২২-এর পরিপ্রেক্ষিতে লীজ গ্রহীতার অনুকূলে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়। পরোয়ানা তামিলের বিষয়ে সংশ্লিষ্ট থানার সাথে যোগাযোগ করে জানা যায়, আবু সালেহ, স্বত্বাধিকারী মেসার্স অক্টাগন পলাতক রয়েছেন। সম্প্রতি থানা থেকে পরোয়ানা তামিলের প্রতিবেদন আদালতে প্রেরণ করা হয়েছে মর্মে জানা গেছে। পাওনা আদায় এবং গ্রেফতারি পরোয়ানা তামিল ত্বরান্বিত করার জন্য প্রশাসনিক মন্ত্রণালয়-এর নির্দেশনামতে দ্রুত কার্যক্রম গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন;</td><td>iii) গঠিত কমিটি কর্তৃক ভাড়ায় লীজকৃত গাড়ীগুলোর বকেয়া আদায়ের কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং মেসার্স অক্টাগন নামক প্রতিষ্ঠানের নিকট হতে দ্রুততম সময়ের মধ্যে বকেয়া আদায় করতে হবে। গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রশাসনিক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করতে হবে;</td><td></td></tr>
<tr><td></td><td></td><td>iv) মে'২৪ মাসে বাপক-এর ০৪ (চার)টি মিনিবাস ও ০৪ (চার)টি মাইক্রোবাসের মাধ্যমে পরিচালিত ট্যুর ও আয়ের বিবরণ:
<table>
<tr><th>গাড়ি</th><th>ট্যুরের সংখ্যা</th><th>অতিথি সংখ্যা</th><th>মোট আয়</th><th>মোট ব্যয়</th></tr>
<tr><td>০৪টি মিনিবাস ও ০৩টি মাইক্রোবাস</td><td>০৮ টি</td><td>১৫২ জন</td><td>১,৭৬,৪৫৪/-</td><td rowspan="2">৪,২০,৭১৬/-</td></tr>
<tr><td>কক্সবাজারে পরিচালিত ০১টি মাইক্রোবাসে</td><td>০৯ টি</td><td>৫৮ জন</td><td>২৩,৩০০/-</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>১৭ টি</td><td>২১০ জন</td><td>১,৯৯,৭৫৪/-</td><td>৪,২০,৭১৬/-</td></tr>
</table>
ঢাকা মেট্রো-ঝ-১১-১০১৪ মিনিবাসটির গিয়ারবক্সের কাজ করা হয়। যার বিল ৯২,২০০/- টাকা পরিশোধ করা হয়েছে।</td><td>iv) প্রতি মাসে বাপক-এর সমন্বয় সভার কার্যবিবরণীতে ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিটের বিদ্যমান ০৪টি মাইক্রোবাস ও ০৪টি মিনি বাসের মাধ্যমে পরিচালিত প্যাকেজ ট্যুর ও আর্থিক হিসাব ছক (মোট ট্যুর, মোট অতিথি, মোট আয়/ব্যয়) অনুযায়ী উল্লেখ করতে হবে।</td><td></td></tr>
</table>

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ম. ২৫<br>বা. ১৬ | বাপক-এর বেদখলকৃত জমি প্রসঙ্গে | ক) মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান, প্রশাসনিক মন্ত্রণালয়-এর সমন্বয় সভায় সিদ্ধান্ত রয়েছে যে, কক্সবাজারের হোটেল শৈবালের জমি দখলমুক্ত করার লক্ষ্যে জুন/২০২৪ এর মধ্যে ৮৫১ ফুট সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে।<br><br>খ) কক্সবাজারস্থ হোটেল শৈবাল-এর জমি দখলমুক্ত করার লক্ষ্যে চারপাশে সীমানা প্রাচীর নির্মাণে বাপক-এর নিজস্ব অর্থায়নে ইতোমধ্যে ৩৭৬ ফুট সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে। দ্বিতীয় পর্যায়ে আরো ৮৫১ ফুট সীমানা প্রাচীর নির্মাণ কাজ প্রক্রিয়াধীন আছে। হোটেল শৈবাল-এর জমির চারপাশে নিজস্ব খরচে সীমানা প্রাচীর নির্মাণের জন্য অর্থ মন্ত্রণালয় থেকে ইতোমধ্যে অনুমোদন পাওয়া গেছে। উক্ত কার্যক্রম সম্পন্নের জন্য ৩১-০৩-২০২৪ খ্রি. তারিখ দরপত্র আহ্বান করা হয়েছে। | ক) কক্সবাজারস্থ হোটেল শৈবাল-এর জমি দখলমুক্ত করার লক্ষ্যে জুন '২৪ মাসের মধ্যে ৮৫১ ফুট সীমানা প্রাচীর নির্মাণ কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং হালনাগাদ তথ্য প্রশাসনিক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করতে হবে।<br><br>খ) একইসাথে কক্সবাজারস্থ হোটেল শৈবাল-এর বেদখলকৃত জমি দখলমুক্ত করার লক্ষ্যে সীমানা নির্ধারণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক (এস্টেট) / ব্যবস্থাপক (পূর্ত) |
| বা. ১৭ | বাপক-এর মোংলার জমি প্রসঙ্গে | মোংলার জমির জটিলতা নিরসনে চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ-এর সাথে আলোচনার জন্য বাণিজ্যিক ও পরিকল্পনা শাখা থেকে প্রতিনিধি প্রেরণের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | মোংলার জমির জটিলতা নিরসনে চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ-এর সাথে আলোচনার জন্য বাণিজ্যিক ও পরিকল্পনা শাখা থেকে প্রতিনিধি প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিটিএস) |
| ম. ২৬<br>বা. ১৮ | রাঙ্গামাটি পার্বত্য জেলার ঝুলন্ত ব্রিজটি আধুনিকায়ন করে পুনঃনির্মাণের ব্যবস্থা গ্রহণ | ক) মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান, প্রশাসনিক মন্ত্রণালয়-এর সমন্বয় সভায় সিদ্ধান্ত রয়েছে যে, রাঙ্গামাটি পার্বত্য জেলার ঝুলন্ত ব্রিজটি আধুনিকায়ন করে পুনঃনির্মাণ করার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>খ) বাণিজ্যিক শাখা থেকে জানা যায়, রাঙ্গামাটি পার্বত্য জেলার ঝুলন্ত ব্রিজটি আধুনিকায়ন করে পুনঃনির্মাণ করার জন্য বাপক-এর আর্থিক সক্ষমতা নেই, বিধায় Feasibility Study-এর মাধ্যমে আধুনিক ও নান্দনিক নকশায় নতুন আদলে নির্মাণের কার্যক্রম গ্রহণের অনুরোধ জানিয়ে গত ২৫ মার্চ ২০২৪ চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড বরাবর ডিও পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়-এর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | ক) রাঙ্গামাটি পার্বত্য জেলার ঝুলন্ত ব্রিজটি আধুনিকায়ন করে পুনঃনির্মাণের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় ও পার্বত্য জেলা পরিষদ-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে;<br><br>খ) পরিচালক (পরিকল্পনা) রাঙ্গামাটি পরিদর্শন করে এ বিষয়ে একটি প্রতিবেদন দাখিল করবেন। প্রতিবেদনের ভিত্তিতে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। | মহাব্যবস্থাপক (পিটিএস) |
| ম. ২৯<br>বা. ১৯ | বাংলাদেশের পর্যটন-এর ব্র্যান্ডনেম "Mujib's Bangladesh" লোগো প্রচার | মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান, প্রশাসনিক মন্ত্রণালয়-এর সমন্বয় সভায় সিদ্ধান্ত রয়েছে যে, বাংলাদেশের পর্যটনের ব্র্যান্ডনেম "Mujib's Bangladesh" লোগো এর প্রচারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।<br>ব্যবস্থাপক (বিউজস) সভাকে অবহিত করেন, "Mujib's Bangladesh" Logo-এর প্রচারের সময়সীমা ১৭ মার্চ ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত। বিটিবি সূত্রে আরো জানা গেছে, পর্যটন উৎসব তথা ট্যুরিজম সামিট আয়োজনের মাধ্যমে বর্ণিত কার্যক্রমের সমাপনী ঘোষণা করা হবে এবং নতুন পর্যটন | বাংলাদেশের পর্যটন-এর ব্র্যান্ডনেম "Mujib's Bangladesh" লোগো-এর প্রচারে প্রশাসনিক মন্ত্রণালয়-এর নির্দেশনা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ব্যবস্থাপক (বিউজস) |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>ব্র্যান্ডনেম উদ্বোধন করা হবে।</td><td></td><td></td></tr>
<tr><td>ম. ৩৪<br>বা. ২০</td><td>কোভিড-১৯ ও ডেঙ্গু প্রতিরোধ</td><td>মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান, প্রশাসনিক মন্ত্রণালয়-এর সমন্বয় সভায় সিদ্ধান্ত রয়েছে যে, কোভিড-১৯ ও ডেঙ্গু প্রতিরোধে সরকারি সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>i) কোভিড-১৯ সহ কোভিড-এর নতুন ভ্যারিয়েন্ট-এর বিষয়ে প্রধান কার্যালয় ও সকল বাণিজ্যিক ইউনিটকে যথাযথ সতর্কতা ও স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া পর্যটন স্থাপনাসমূহে নিয়মিত কীটনাশক স্প্রে, লার্ভানাশক স্প্রে, ফগার মেশিন পরিচালনা এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার মাধ্যমে ডেঙ্গু প্রতিরোধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতেও সভাপতি নির্দেশনা প্রদান করেন;<br><br>ii) 'পর্যটন ভবন' ও বাণিজ্যিক ইউনিটসমূহে কীটনাশক (Pest Control) সাবধানতা অবলম্বনপূর্বক ব্যবহার করতে, পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধিকরণ ও ইঁদুরসহ পোকা-মাকড় নিধনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।</td><td>i) কোভিড-১৯, ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলায় প্রধান কার্যালয় ও সকল বাণিজ্যিক ইউনিটকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সদাসতর্ক থাকতে হবে। এছাড়া WHO, স্বাস্থ্য মন্ত্রণালয়-এর গাইডলাইন ও SOP অনুযায়ী স্বাস্থ্যবিধি প্রতিপালনের সকল কার্যক্রম অব্যাহত রাখতে হবে;<br><br>ii) উপব্যবস্থাপক (সাধারণ সেবা) 'পর্যটন ভবন'-এর পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধিকরণ ও ইঁদুরসহ পোকা-মাকড় নিধনের জন্য সর্বাত্মক কার্যক্রম চলমান রাখবেন। ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপকবৃন্দ সাবধানতা অবলম্বনপূর্বক কীটনাশক (Pest Control) ব্যবহার করবেন।</td><td>মহাব্যবস্থাপক (এইচসিটি) / ইউনিট ব্যবস্থাপক (সকল) / উপব্যবস্থাপক (সাধারণ সেবা)</td></tr>
<tr><td colspan="5">প্রশাসনিক মন্ত্রণালয়-এর আলোচ্যসূচি বহির্ভূত বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর কার্যক্রমসমূহ</td></tr>
<tr><td>বা. ২২</td><td>পেনশন শাখার সার্বিক কার্যক্রম</td><td>পেনশন শাখা থেকে প্রাপ্ত মে '২৪ মাসের তথ্যাদি নিম্নরূপ:<br><table><tr><th>ক্রমিক</th><th>পূর্ণ অবসরপ্রাপ্ত</th><th>PRL চলমান</th><th>মাসিক পেনশন (মে '২৪)</th><th>আনুতোষিক প্রদানে অর্থের ঘাটতি</th></tr><tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td></tr><tr><td>১।</td><td>৪৫৪ জন</td><td>২৫</td><td>৫৪.২৩ লক্ষ টাকা</td><td>৪০,৬৪ লক্ষ টাকা</td></tr></table><br>এছাড়া প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর জিপিএফ স্থিতি হালনাগাদ পূর্বক প্রতি ০৩ (তিন) মাস পরপর প্রকাশের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।</td><td>অদ্যাবধি পূর্ণ অবসরপ্রাপ্ত, PRL চলমান ও পেনশন গ্রহণকারীর সংখ্যা, মাসিক আনুতোষিক-এর হার, আনুতোষিক প্রদানে অর্থের ঘাটতি ইত্যাদি বিষয়ে প্রতি সভায় ছক আকারে তথ্য প্রদান করতে হবে। প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর জিপিএফ স্থিতি হালনাগাদ পূর্বক প্রতি ০৩ (তিন) মাস পরপর প্রকাশ করতে হবে।</td><td>ব্যবস্থাপক, পেনশন শাখা</td></tr>
<tr><td>বা. ২৩</td><td>"৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলা এবং সম্ভাবনা কাজে লাগাতে প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ</td><td>মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে ০৩ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখ অনুষ্ঠিত ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় গৃহীত উদ্যোগ পর্যালোচনা বিষয়ক সভায় এনএইচটিটিআই কর্তৃক প্রস্তাবিত NHTTI (National Hotel and Tourism Training Institute) Leaps Forward to Human Resource Development using 4IR শীর্ষক প্রকল্পটির বিষয়ে নির্দেশনা প্রদান করা হয় (চূড়ান্তকৃত কোর্সসমূহের কারিকুলাম প্রস্তুত করা, দক্ষতা উন্নয়নের জন্য মাস্টার ট্রেইনার প্রস্তুত করা)। নির্দেশনা বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অংশ হিসেবে কোর্স আউটলাইন প্রস্তুত করা হয়েছে সে সাথে প্রদত্ত প্রশিক্ষণ সিলেবাসে ৪র্থ শিল্প বিল্পবের</td><td>"৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলা এবং সম্ভাবনা" বিষয়ে a2i-এর সাথে যোগাযোগপূর্বক এনএইচটিটিআই সংশ্লিষ্ট প্রস্তাবনাটি বাপক-এর সামর্থ্য সাপেক্ষে বাস্তবায়নের পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।</td><td>গঠিত কমিটি / মহাব্যবস্থাপক (পিটিএস)</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>চ্যালেঞ্জ মোকাবেলা ও উত্তরণে করণীয় সম্পর্কিত বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে।</td><td></td><td></td></tr>
<tr><td>বা. ২৪</td><td>'স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১' বাস্তবায়নে গৃহীত কার্যক্রম এবং প্রণয়নকৃত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা</td><td>স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করে গত ২০-০৮-২০২৩ খ্রি. তারিখ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। কর্মপরিকল্পনা যথাসময়ে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। ইতোমধ্যে কর্মপরিকল্পনার ক্রম নম্বর ৫ (কেস ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ) ও কর্মপরিকল্পনার ক্রম নম্বর ১০ (স্মার্ট বাংলাদেশ সম্পর্কিত মোট ০২টি কর্মশালা আয়োজন) বাস্তবায়ন করা হয়েছে। উল্লেখ্য কর্মপরিকল্পনাটিতে সংস্থার বাণিজ্যিক, প্রশাসন, এনএইচটিটিআই পরিকল্পনা শাখা ও ডিউটি ফ্রি অপারেশন্স শাখা হতে বাস্তবায়নযোগ্য কর্মপরিকল্পনা রয়েছে।</td><td>'স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১' বাস্তবায়নে গৃহীত কার্যক্রম এবং সময়াবদ্ধ কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।</td><td>মহাব্যবস্থাপক (পিটিএস)</td></tr>
<tr><td>বা. ২৫</td><td>বাপক-এর সকল বাণিজ্যিক ইউনিটে তদারকি কার্যক্রম জোরদারকরণ</td><td>ব্যবস্থাপক (বাণিজ্যিক) জানান যে, সকল বাণিজ্যিক ইউনিট'র তদারকি কার্যক্রম চলমান আছে। সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়মিত তদারকি প্রতিবেদন দাখিল করেন। পরিচালক মহোদয়বৃন্দকে ক্লাস্টারভিত্তিক বাণিজ্যিক ইউনিট তদারকি কার্যক্রম পরিচালনার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।</td><td>ক) প্রতিটি ইউনিট-এর তদারকির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দকে প্রতি মাসের প্রথম সপ্তাহে চেয়ারম্যান, বাপক বরাবর স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী সুপারিশসমূহ উল্লেখপূর্বক প্রতিবেদন আকারে দাখিল করতে হবে;<br>খ) পরিচালক মহোদয়বৃন্দ ক্লাস্টারভিত্তিক বাণিজ্যিক ইউনিট তদারকি কার্যক্রম পরিচালনা করবেন।</td><td>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল) / মহাব্যবস্থাপক (এইচসিটি) / ইউনিট ব্যবস্থাপক (সকল)</td></tr>
<tr><td>বা. ২৬</td><td>বাপক-এর বাণিজ্যিক ইউনিটসমূহের মাসিক আয়-ব্যয় ও লাভ-ক্ষতির হিসাব বিবরণী প্রসঙ্গে</td><td>i) বাপক-এর ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা হিসেবে ১৬০৯২.৩২ লক্ষ টাকা ধার্য করা হয়েছে। মে '২৪ মাসের আয়ের লক্ষ্যমাত্রা ১২৬৮.২৩ লক্ষ টাকা, এর বিপরীতে অর্জিত হয়েছে ১১৮৭.১২ লক্ষ টাকা। লক্ষ্যমাত্রা থেকে (১২৬৮.২৩ – ১১৮৭.১২) = ৮১.১১ লক্ষ টাকা আয় কম হয়েছে। মে '২৪ মাসের নীট আয় ১১৮৭.১২ লক্ষ টাকা এবং মোট ব্যয় ১৫১১.৩৮ লক্ষ টাকা। অর্থাৎ নীট ক্ষতি হয়েছে (১১৮৭.১২ – ১৫১১.৩৮) = ৩২৪.২৬ লক্ষ টাকা।<br>মে '২৩ ও মে '২৪ মাসের আয়-ব্যয় ও লাভ-ক্ষতি সম্পর্কিত তুলনামূলক সংক্ষিপ্ত চিত্র নিম্নরূপ:<br>(লক্ষ টাকা)
<table>
<tr><th>ক্রম</th><th>ইউনিট</th><th colspan="2">আয়</th><th colspan="2">ব্যয়</th><th colspan="2">লাভ/ক্ষতি</th></tr>
<tr><td></td><td></td><td>২০২৩</td><td>২০২৪</td><td>২০২৩</td><td>২০২৪</td><td>২০২৩</td><td>২০২৪</td></tr>
<tr><td colspan="8">বাণিজ্যিক ইউনিট</td></tr>
<tr><td>১</td><td>৩৪</td><td>৯০০.৩৭</td><td>১০৮১.৫১</td><td>৭০৯.৩১</td><td>৯৪১.৬৯</td><td>১৯১.০৬</td><td>১৩৯.৮২</td></tr>
<tr><td colspan="8">লাভ ইউনিট</td></tr>
<tr><td>২</td><td>১৬</td><td>৩৫.৮৫</td><td>৮৭.৮৬</td><td>০.৭২</td><td>০.৫৫</td><td>৩৫.১৩</td><td>৮৭.৩১</td></tr>
<tr><td colspan="8">প্রধান কার্যালয়</td></tr>
<tr><td>৩</td><td>০১</td><td>৫১.১৯</td><td>১৭.৭৫</td><td>১৩৮.২৬</td><td>৬৩৫.৪২</td><td>(–) ৮৭.০৭</td><td>(–) ৬১৭.৬৭</td></tr>
<tr><td>মোট</td><td>৫১</td><td>৯৮৭.৪১</td><td>১১৮৭.১৩</td><td>৮৪৮.২৯</td><td>১৫১১.৩৮</td><td>১৩৯.১২</td><td>(–) ৩২৪.২৬</td></tr>
</table>
ii) ইউনিট প্রধানগণ মাসিক প্রতিবেদন প্রেরণ অব্যাহত রেখেছেন। অবচয় খাতে অর্থ আদায়</td><td>i) অর্থ ও হিসাব শাখা কর্তৃক বাণিজ্যিক শাখার সহযোগিতায় ইউনিটসমূহের মাসিক প্রতিবেদন (আয়/ব্যয় ও লাভ/ক্ষতি) সংরক্ষণ এবং সংশ্লিষ্ট মাসের হিসাব পূর্ববর্তী বছরের একই মাসের হিসাব বিবরণীর তুলনামূলক চিত্রসহ সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে;<br>ii) ডিএফওসহ সকল ইউনিট ব্যবস্থাপক মাসিক প্রতিবেদন (আয়/ব্যয়) প্রেরণ অব্যাহত</td><td>মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)</td></tr>
</table>

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | অব্যাহত আছে। প্রধান কার্যালয়সহ বাণিজ্যিক ইউনিটগুলোর মাসিক অবচয় ৬২.৭০ লক্ষ (বাষট্টি লক্ষ সত্তর হাজার মাত্র) টাকা ধার্য করা হয়েছে। অবচয় খাতে এ পর্যন্ত ১১.২২ কোটি (এগারো কোটি বাইশ লক্ষ মাত্র) টাকা FDR করা হয়েছে। সে অনুযায়ী ৩০-০৪-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অবচয় খাতে প্রায় ০.৯০ কোটি (নব্বই লক্ষ মাত্র) টাকা ব্যাংকে স্থিতি রয়েছে;<br>iii) সরকারি কর্মকর্তাবৃন্দের (প্রেষণে নিয়োজিত) বেতন-ভাতা, জিপিএফ ও আনুষঙ্গিক হিসাবাদি সুষ্ঠুভাবে সংরক্ষণের লক্ষ্যে EFT-এর মাধ্যমে পরিশোধের লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। পরবর্তী নির্দেশনা পাওয়া গেলে বেতন শাখা থেকে কার্যক্রম গ্রহণ করা হবে। | রাখবেন এবং সকল ইউনিট হতে অবচয় খাতের জমা নিশ্চিত করতে হবে। অবচয়জনিত যে টাকা FDR করা হয়েছে সেটি আর্থিক দুর্দিনে তারল্যতার দিকে সতর্ক দৃষ্টি বজায় রেখে ইউনিটসমূহের সংস্কার কার্যক্রম গ্রহণ করতে হবে;<br>iii) সরকারি কর্মকর্তাবৃন্দের (প্রেষণে নিয়োজিত) বেতন-ভাতা, জিপিএফ ও আনুষঙ্গিক হিসাবাদি সুষ্ঠুভাবে সংরক্ষণের লক্ষ্যে EFT-এর মাধ্যমে পরিশোধের নিমিত্ত প্রশাসনিক মন্ত্রণালয়-এর নির্দেশনা অনুযায়ী অর্থ ও হিসাব শাখা থেকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | |
| বা. ২৭ | বাপক-এর ডিউটি ফ্রি অপারেশন্স ইউনিট-এর সার্বিক কার্যক্রম | মহাব্যবস্থাপক (ডিএফও) সভাকে অবহিত করেন যে, ডিএফও-এর অধীনে পরিচালিত ডিএফএসসমূহে প্রতি মাসের বন্ডেড ও অন্যান্য পণ্যের বিক্রয়লব্ধ আয়ের প্রেক্ষিতে উক্ত মাসের ব্যাংক রিকনসিলিয়েশন রিপোর্ট যথাসময়ে দাখিল করা হচ্ছে। সভাপতি ডিএফও ও ডিএফএসসমূহের কার্যক্রম বেগবান করতে এবং অডিট সম্পন্নকরণের নির্দেশনা প্রদান করেন। | ক) ডিএফও-এর অধীনে পরিচালিত ডিএফএসসমূহে প্রতি মাসের বন্ডেড পণ্যের বিক্রয়লব্ধ আয়ের প্রেক্ষিতে উক্ত মাসের ব্যাংক রিকনসিলিয়েশন রিপোর্ট যথাসময়ে দাখিল করতে হবে;<br>খ) অডিট সম্পন্ন করার জন্য ডিএফও থেকে কাস্টমস বন্ড কমিশনারেট বরাবর পত্র প্রেরণ করতে হবে এবং যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (ডিএফও) |
| বা. ২৮ | ডিএফও, বাপক-এর নিয়ন্ত্রণাধীন মহাখালীস্থ ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজ পরিচালনা প্রসঙ্গে | ক) মহাখালীস্থ বাপক-এর ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজ-এর লাইসেন্স বাতিলকরণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়-এর মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড (NBR) বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড (NBR)-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে সভাপতি নির্দেশনা প্রদান করেন;<br>খ) সভাপতি প্রাথমিকভাবে উক্ত ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজ-এর ডিসপ্লে সেন্টারের অর্ধেক জায়গা নিয়ে একটি পেস্ট্রি শপ চালু করণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভাপতি ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজ-এর ডিসপ্লে সেন্টারের অর্ধেক জায়গায় কাস্টমস কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে একটি পেস্ট্রি শপ চালু করতে নির্দেশনা প্রদান করেন। | ক) মহাখালীস্থ বাপক-এর ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজ-এর লাইসেন্স বাতিলকরণের জন্য জাতীয় রাজস্ব বোর্ড (NBR)-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে;<br>খ) মহাখালীস্থ বাপক-এর ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজ-এর ডিসপ্লে সেন্টারের অর্ধেক জায়গায় কাস্টমস কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে একটি পেস্ট্রি শপ চালু করতে হবে। | মহাব্যবস্থাপক (ডিএফও) / ব্যবস্থাপক, হোটেল অবকাশ |
| বা. ২৯ | বাপক প্রধান কার্যালয় 'পর্যটন ভবন'-এ ডিজিটাল হাজিরা চালুকরণ | সভাপতি বাপক প্রধান কার্যালয় 'পর্যটন ভবন'-এ ডিজিটাল হাজিরা চালুকরণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে নির্দেশনা প্রদান করেন।<br>বাপক প্রধান কার্যালয় 'পর্যটন ভবন'-এ ডিজিটাল হাজিরা চালুকরণের বিষয়ে আইসিটি শাখাকে অনুরোধ জানানো হয়েছে। সে মোতাবেক পূর্ত শাখা, সাধারণ সেবা শাখা ও আইসিটি শাখা কর্তৃক সমন্বয়পূর্বক কার্যক্রমটি সম্পন্ন করা হবে। | ক) বাপক প্রধান কার্যালয় 'পর্যটন ভবন'-এ ডিজিটাল হাজিরা চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>খ) বাপক-এর সকল কর্মকর্তা/কর্মচারীর নির্ধারিত সময়ে অফিসে উপস্থিতি নিশ্চিত করতে হবে। | ব্যবস্থাপক (আইসিটি) / উপব্যবস্থাপক, সাধারণ সেবা |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| বা. ৩০ | এনএইচটিটিআই-এর সার্বিক কার্যক্রম | অধ্যক্ষ, এনএইচটিটিআই জানান, এনএইচটিটিআই-এর ওয়েবসাইট চালুকরণ ও ব্যবহার উপযোগীকরণের কার্যক্রম চলমান রয়েছে। অদ্যাবধি ১৯,০০০ জন (উনিশ হাজার) জন প্রশিক্ষণার্থীর তথ্য ডাটাবেজে ইনপুট দেয়া হয়েছে। | এনএইচটিটিআই থেকে উত্তীর্ণ ও সনদ প্রাপ্ত সকল প্রশিক্ষণার্থীর পূর্ণাঙ্গ ডাটাবেজ প্রস্তুতের লক্ষ্যে গৃহীত কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। একইসাথে সকল প্রকার ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে। | অধ্যক্ষ (এনএইচটিটিআই) |

৩৪। **জেলা প্রশাসক সম্মেলন সংক্রান্ত (২০১৮-২০২৩)**
দীর্ঘমেয়াদী সিদ্ধান্ত: ০৫টি

| ক্রম | মন্ত্রিপরিষদ বিভাগ-এর সিদ্ধান্ত | প্রশাসনিক মন্ত্রণালয়-এর সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ১। | হাওড় এলাকায় বর্ষাকালে পর্যটকদের ভ্রমণকালীন বিশ্রামাগার / রেস্টহাউস ও ওয়াচ-টাওয়ার নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>**দীর্ঘমেয়াদি সিদ্ধান্ত (২০২৩)**<br>**প্রস্তাবকারী-জেলা প্রশাসক, কিশোরগঞ্জ** | বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়নে দ্রুত স্থান নির্বাচন করতে হবে। | জেলা প্রশাসক, কিশোরগঞ্জ হতে নিকলী, ইটনা, অষ্টগ্রাম, মিঠামইন এবং করিমগঞ্জ উপজেলা হতে পর্যটন সম্ভাবনাময় স্থানের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। বাণিজ্যিক সম্ভাব্যতা যাচাই-বাছাইপূর্বক অধিক সম্ভাবনাময় পর্যটন এলাকা চিহ্নিত করার জন্য মন্ত্রণালয়-এর প্রতিনিধিসহ একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি শীঘ্রই প্রস্তাবিত স্থানসমূহ পরিদর্শন করে চূড়ান্তভাবে স্থান নির্বাচন করবে।<br><br>মাননীয় মন্ত্রী বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়নে স্থানীয় বেসরকারি উদ্যোক্তাদের উদ্বুদ্ধ করার বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশনা প্রদানের জন্য বলেন। | জেলা প্রশাসক, কিশোরগঞ্জ-এর প্রস্তাবের প্রেক্ষিতে অধিক সম্ভাবনাময় পর্যটন এলাকা চিহ্নিতকরণের লক্ষ্যে গঠিত কমিটিকে দ্রুত প্রতিবেদন দাখিল করতে হবে এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসককে বেসরকারিভাবে উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করতে হবে। | মহাব্যবস্থাপক (পিটিএস) |
| ২। | পঞ্চগড় জেলার তেঁতুলিয়া উপজেলার বাংলাবান্ধায় পর্যটকদের রাত্রিযাপনের সুবিধার্থে পর্যটন মোটেল এবং বিনোদন কেন্দ্র/রিসোর্ট স্থাপনের উদ্যোগ নিতে হবে।<br>**দীর্ঘমেয়াদি সিদ্ধান্ত (২০২৩)**<br><br>**প্রস্তাবকারী-জেলা প্রশাসক, পঞ্চগড়** | পর্যটন মোটেল এবং বিনোদন কেন্দ্র / রিসোর্ট স্থাপনে ডিপিপি সংশোধন ও জমি অধিগ্রহণের কাজ দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। | গত ১৩-০৩-২০২৪ খ্রি. তারিখ জমি অধিগ্রহণের বিষয়ে প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। জমি অধিগ্রহণের বিষয়ে গত ২১-০৩-২০২৪ খ্রি. তারিখে জেলা প্রশাসন বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | পঞ্চগড় জেলায় পর্যটন মোটেল এবং বিনোদন কেন্দ্র / রিসোর্ট স্থাপনে ডিপিপি সংশোধন ও জমি অধিগ্রহণের কাজ দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিটিএস) |
| ৩। | রাঙ্গামাটি পার্বত্য জেলার পর্যটক আকৃষ্ট করার জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণের উদ্যোগ নিতে হবে। | রাঙ্গামাটি পার্বত্য জেলার পর্যটক আকৃষ্ট করার জন্য সংশ্লিষ্ট সংস্থার সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | রাঙ্গামাটিস্থ ঝুলন্ত ব্রিজটি আধুনিকায়নের বিষয়টি DDCL নামক একটি পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক যাচাই করা হয়। প্রতিষ্ঠানটি বিদ্যমান ঝুলন্ত ব্রিজের পাশে নতুন আঙ্গিকে দৃষ্টিনন্দন ঝুলন্ত সেতু নির্মাণের সুপারিশ করেন। সে প্রেক্ষিতে | রাঙ্গামাটি পার্বত্য জেলায় পর্যটক আকৃষ্ট করার জন্য গৃহীত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | মহাব্যবস্থাপক (পিটিএস) |

| ক্রম | মন্ত্রিপরিষদ বিভাগ-এর সিদ্ধান্ত | প্রশাসনিক মন্ত্রণালয়-এর সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| | **দীর্ঘমেয়াদি সিদ্ধান্ত (২০২৩)**<br><br>**প্রস্তাবকারী-জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা** | | নতুন আঙ্গিকে ঝুলন্ত ব্রিজ নির্মাণে ফিজিবিলিটি স্টাডিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য পার্বত্য উন্নয়ন বোর্ড বরাবর গত ২৫ মার্চ ২০২৪ খ্রি. তারিখ ডিও পত্র প্রেরণ করা হয়েছে। | | |
| ৪। | কক্সবাজার জেলায় একটি পর্যটন প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র স্থাপনের উদ্যেগ গ্রহণ করতে হবে।<br><br>**দীর্ঘমেয়াদি সিদ্ধান্ত (২০২৩)**<br><br>**প্রস্তাবকারী-জেলা প্রশাসক, কক্সবাজার** | বাপক-এর হোটেল লাবণী'র জমিতে একটি প্রশিক্ষণ ইনস্টিটিউটসহ আন্তর্জাতিক মানের হোটেল স্থাপনের নিমিত্ত গৃহীত কার্যক্রমের অগ্রগতি মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | কক্সবাজার জেলায় বাপক-এর হোটেল লাবণী'র জমিতে একটি প্রশিক্ষণ ইনস্টিটিউটসহ আন্তর্জাতিক মানের হোটেল স্থাপনের নিমিত্ত সমীক্ষা কার্যক্রম গ্রহণ করা হয়। NAPD-কে প্রস্তাব প্রদান করা হলে উক্ত প্রতিষ্ঠান বর্ণিত কাজের জন্য ১ কোটি ৩ লক্ষ ১৩ হাজার টাকা প্রাক্কলন প্রদান করে। NAPD প্রদত্ত প্রাক্কলন অধিক বিবেচিত হওয়ায় অন্য পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে সমীক্ষা কার্যক্রম গ্রহণের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। | বাপক-এর হোটেল লাবণী'র জমিতে একটি প্রশিক্ষণ ইনস্টিটিউটসহ আন্তর্জাতিক মানের হোটেল স্থাপনের নিমিত্ত গৃহীত কার্যক্রমের অগ্রগতি মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | মহাব্যবস্থাপক (পিটিএস) |
| ৫। | কুমিল্লা শালবন বিহার-এর উন্নয়ন ও হোটেল মোটেল স্থাপনের লক্ষ্যে স্থান নির্ধারণসহ প্রয়োজনীয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>**দীর্ঘমেয়াদি সিদ্ধান্ত (২০২৩)**<br><br>**প্রস্তাবকারী-জেলা প্রশাসক, কুমিল্লা** | কুমিল্লা জেলার লালমাই-ময়নামতি এলাকায় পর্যটন সুবিধাদি সৃষ্টির লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | কুমিল্লা জেলার লালমাই-ময়নামতি এলাকায় পর্যটন সুবিধাদি সৃষ্টির লক্ষ্যে কুমিল্লা সদর দক্ষিণে বিজয়পুর ইউনিয়নের আওতাধীন ২.০০ একর ভূমি অধিগ্রহণের জন্য অনাপত্তি পত্র জেলা প্রশাসক হতে পাওয়া গেছে। জেলা প্রশাসক, কুমিল্লা উক্ত ২.০০ একর জমির জন্য ১৩,৬২,৩৫,৪০০.০০ (তের কোটি বাষট্টি লক্ষ পঁয়ত্রিশ হাজার চারশত মাত্র) টাকার একটি প্রাক্কলন প্রেরণ করেছেন। জিওবি অর্থায়নে জমি অধিগ্রহণসহ প্রকল্প গ্রহণের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়-এর অনাপত্তিসহ মন্ত্রণালয়-এর সম্মতি প্রাপ্তির জন্য গত ০৪ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।<br>মাননীয় মন্ত্রী উপযুক্ত বিদেশী কোম্পানির মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়নের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | কুমিল্লা জেলার লালমাই-ময়নামতি এলাকায় পর্যটন সুবিধাদি সৃষ্টির লক্ষ্যে জমি অধিগ্রহণ ও ডিপিপি প্রণয়নের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিটিএস) |

৩৫। **জেলা প্রশাসক সম্মেলন সংক্রান্ত কার্যক্রমসমূহ (২০২৪)**

(ক) স্বল্পমেয়াদী সিদ্ধান্ত: ০৫টি
(খ) মধ্যমেয়াদী সিদ্ধান্ত: ০৮টি
(গ) দীর্ঘমেয়াদী সিদ্ধান্ত: ০২টি

মন্ত্রিপরিষদ বিভাগ-এর ২৩ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখের ২৬৭ নং স্মারকে জেলা প্রশাসক সম্মেলন ২০২৪-এ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় সম্পর্কিত নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে মর্মে জানানো হয়েছে। তৎপ্রেক্ষিতে প্রশাসনিক মন্ত্রণালয়-এর ২৯ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখের ৩০.০০.০০০০.০১২.১৬.০০৬.২৪-৮৮(৫)/২ নং স্মারকে জেলা প্রশাসক সম্মেলন ২০২৪-এ গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে মন্ত্রণালয় বরাবর প্রেরণের জন্য সকল সংস্থায় পত্র প্রেরণ করা হয়েছে।

| ক্রম | প্রস্তাবকারী | মন্ত্রিপরিষদ বিভাগ-এর সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | প্রশাসনিক মন্ত্রণালয়-এর সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ১। | জেলা প্রশাসক, বান্দরবান **(স্বল্পমেয়াদী)** | বান্দরবান পার্বত্য জেলার কমিউনিটি ট্যুরিজম বিকাশের উদ্যোগ গ্রহণ করতে হবে | প্রধান নির্বাহী কর্মকর্তা, বিটিবি জানিয়েছেন, বান্দরবান পার্বত্য জেলায় কমিউনিটি ট্যুরিজম বিকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সেখানে অনেকগুলো পরিবারকে কমিউনিটি ট্যুরিজম প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং পর্যটকদের জন্য বিভিন্ন সুবিধা তৈরি করে দেয়া হয়েছে। প্রায় এক বছরের বেশি সময় এ বিষয়ে কার্যক্রম চলমান আছে। | জেলা প্রশাসক সম্মেলন ২০২৪-এ গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিটিএস) |
| ২। | জেলা প্রশাসক, কক্সবাজার **(স্বল্পমেয়াদী)** | সমন্বিত বিনোদন কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে | | - | - |
| ৩। | জেলা প্রশাসক, পটুয়াখালী **(স্বল্পমেয়াদী)** | পরীক্ষা-নিরীক্ষাক্রমে চর কুকরি মুকরি, ঢালচর ও মনপুরাকে একত্রে পর্যটন হাব ঘোষণার উদ্যোগ নিতে হবে | প্রধান নির্বাহী কর্মকর্তা, বিটিবি জানিয়েছেন, বর্ণিত স্থানে community based tourism বিকাশ লাভ করেছে। সেখানে কয়েকটি এনজিও কাজ করছে। | - | - |
| ৪। | জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ **(স্বল্পমেয়াদী)** | পদ্মা সেতু ও শিমুলিয়া নদীবন্দর এলাকাকে পরীক্ষা-নিরীক্ষাক্রমে পর্যটন এলাকা ঘোষণার উদ্যোগ নিতে হবে | প্রধান নির্বাহী কর্মকর্তা, বিটিবি জানিয়েছেন, জেলা প্রশাসক, মুন্সিগঞ্জ-এর প্রস্তাবের প্রেক্ষিতে বর্ণিত স্থানে MICE (Meetings, Incentives, Conference and Exhibitions) ট্যুরিজমের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br>সচিব, বেবিপপম মহোদয় বর্ণিত বিষয়টি বাস্তবায়নের জন্য সচিব, বাণিজ্য মন্ত্রণালয়-এর সঙ্গে আলোচনা করেছেন। | - | - |
| ৫। | বিভাগীয় কমিশনার, ঢাকা **(স্বল্পমেয়াদী)** | উয়ারী-বটেশ্বর ও অতীশ দীপঙ্কর-এর মতো প্রত্নতাত্ত্বিক নিদর্শনগুলো সংরক্ষণের মাধ্যমে আকর্ষণীয় পর্যটন স্পট হিসেবে ব্যবহারের উদ্যোগ নিতে হবে | প্রধান নির্বাহী কর্মকর্তা, বিটিবি জানিয়েছেন, বিভাগীয় কমিশনার, ঢাকা-এর প্রস্তাবের প্রেক্ষিতে অদ্যাবধি কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। | - | - |
| ৬। | জেলা প্রশাসক, চট্টগ্রাম **(মধ্যমেয়াদী)** | সম্ভাব্যতা যাচাইক্রমে আনোয়ারা ট্যুরিজম জোন (anwara tourism zone) স্থাপনের উদ্যোগ নিতে হবে | | - | - |
| ৭। | জেলা প্রশাসক, সাতক্ষীরা **(মধ্যমেয়াদী)** | ভোমরা স্থলবন্দরের নিকটবর্তী স্থানে পর্যটন করপোরেশন কর্তৃক সম্ভাব্য যাচাইক্রমে মোটেল নির্মাণের উদ্যোগ নিতে হবে | | - | - |
| ৮। | জেলা প্রশাসক, পটুয়াখালী | সম্ভাব্যতা যাচাইক্রমে কুয়াকাটা এয়ারপোর্ট | | - | - |

| ক্রম | প্রস্তাবকারী | মন্ত্রিপরিষদ বিভাগ-এর সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | প্রশাসনিক মন্ত্রণালয়-এর সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| | **(মধ্যমেয়াদী)** | নির্মাণের উদ্যোগ নিতে হবে | | | |
| ৯। | জেলা প্রশাসক, মৌলভীবাজার **(মধ্যমেয়াদী)** | মৌলভীবাজার জেলায় একটি পর্যটন মোটেল স্থাপনের বিষয়টি পরীক্ষা নিরীক্ষা ক্রমে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে | | - | - |
| ১০। | জেলা প্রশাসক, রাজবাড়ী **(মধ্যমেয়াদী)** | পর্যটকদের জন্য পদ্মা ও গড়াই নদীর অববাহিকায় নদী কেন্দ্রিক পর্যটন (riverine tourism) খাতের উন্নয়নের উদ্যোগ নিতে হবে | | - | - |
| ১১। | জেলা প্রশাসক, মৌলভীবাজার **(মধ্যমেয়াদী)** | হাকালুকি ইকো ট্যুরিজম পার্ক স্থাপনের (বিশেষায়িত পর্যটন অঞ্চল) উদ্যোগ নিতে হবে | | - | - |
| ১২। | জেলা প্রশাসক, সিলেট **(মধ্যমেয়াদী)** | টিলা সংরক্ষণের জন্য টিলায় কৃষিভিত্তিক পর্যটন প্রকল্প গ্রহণের বিষয়ে পদক্ষেপ নিতে হবে | প্রধান নির্বাহী কর্মকর্তা, বিটিবি জানিয়েছেন, সিলেট জেলার টিলাসমূহে কৃষিভিত্তিক পর্যটন গড়ে তোলার লক্ষ্যে সেখানে বিভিন্ন ধরনের ফলের চাষ হচ্ছে এবং প্রচুর পর্যটক সেখানে যাচ্ছেন। | - | - |
| ১৩। | জেলা প্রশাসক, পটুয়াখালী **(মধ্যমেয়াদী)** | পরীক্ষা-নিরীক্ষাক্রমে পটুয়াখালী জেলার রাঙ্গাবালি উপজেলার সোনার চর, কলাগাছিয়ার চর, তুফানিয়ার চর, জাহাজমারার চর, চর হেয়ার, চর মন্তাজ নিয়ে পর্যটন কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে | প্রধান নির্বাহী কর্মকর্তা, বিটিবি জানিয়েছেন, পটুয়াখালী জেলায় coastal tourism উন্নয়ন করার জন্য গণপূর্ত মন্ত্রণালয় হতে প্রস্তাব গ্রহণ করা হয়েছে। প্রস্তাবটি চূড়ান্ত হলে বিটিবি সেখানে কাজ করবে। এছাড়া চরগুলোতে কিভাবে পর্যটন বিকাশ করা যায় সে বিষয়ে UNDP ফিজিবিলিটি স্টাডি করছে। ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদন পাওয়ার পরে বিটিবি কার্যক্রম গ্রহণ করবে। | - | - |
| ১৪। | জেলা প্রশাসক, শেরপুর **(দীর্ঘমেয়াদী)** | সম্ভাব্যতা যাচাইক্রমে পর্যটন সমৃদ্ধ জেলা আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত পর্যটন মোটেল নির্মাণের উদ্যোগ নিতে হবে | প্রধান নির্বাহী কর্মকর্তা, বিটিবি জানিয়েছেন, গজনী মধু টিলায় ইকো-ট্যুরিজম ডেভেলপমেন্ট করার জন্য ফিজিবিলিটি স্টাডির বিষয়ে পরিকল্পনা কমিশনে অনুরোধ করা হয়েছে। ফিজিবিলিটি স্টাডির প্রতিবেদন পাওয়ার পরে বিটিবি সেখানে প্রকল্প গ্রহণ করবে। | - | - |
| ১৫। | জেলা প্রশাসক, পটুয়াখালী **(দীর্ঘমেয়াদী)** | কুয়াকাটা সি-বীচের পাশ দিয়ে কক্সবাজারের ন্যায় আধুনিক ও দৃষ্টিনন্দন মেরিন ড্রাইভ নির্মাণের উদ্যোগ নিতে হবে | | - | - |

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকল কর্মকর্তা/কর্মচারীকে স্ব স্ব অবস্থান থেকে যথাযথভাবে দায়িত্ব পালনের আহ্বান জানান। স্মার্ট বাপক গড়ার প্রত্যয় ব্যক্ত করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/০৬/২০২৪

(একেএম আফতাব হোসেন প্রামানিক)
চেয়ারম্যান (গ্রেড-১)

নম্বর: ৩০.৩২.০০৬.২০.০৫.০০১.২০০৭(২)/ ৫১৯

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪৩১ / ১২ জুন ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) পরিচালক ---------------------------------------------------- (সকল), বাপক, ঢাকা;
২) মহাব্যবস্থাপক ------------------------------------------------ (সকল), বাপক, ঢাকা;
৩) অধ্যক্ষ, এনএইচটিটিআই, বাপক, মহাখালী, ঢাকা;
৪) ব্যবস্থাপক ---------------------------------------------------- (সকল), বাপক, ঢাকা;
৫) চেয়ারম্যান-এর একান্ত সচিব, বাপক, ঢাকা- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

১২/৬/২০২৪

(মোহাম্মদ সফিউজ্জামান ভুইয়া)
মহাব্যবস্থাপক (প্রশাসন)